

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
আইন ও বিচার বিভাগ
বিচার শাখা-১
www.lawjusticediv.gov.bd

নম্বর : ১০.০০.০০০০.১২৫.০৮.০১০.২০.৩৭৭

তারিখ : ১০ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
২৪ মে ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয় : শ্রান্তি ও বিনোদন ছুটি এবং ভাতা মঞ্জুর সংক্রান্ত।


সূত্র : বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের ২৪/০৫/২০২৩ তারিখের ১জে-০৭/১৮ (অংশ-২)-৪৫৭৯ জে নম্বর পত্র।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে বাংলাদেশ সুপ্রীম কোর্টের সাথে পরামর্শক্রমে নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯ এর বিধি ৩(১)(iii), বাংলাদেশ সার্ভিসেস (শ্রান্তি বিনোদন ভাতা), ১৯৭৯ এর বিধি এবং অর্থ মন্ত্রণালয়ের বাস্তবায়ন শাখা-১ থেকে জারিকৃত ১২ জুলাই ১৯৯৯ খ্রি. তারিখের অম/অবি(বাঃ-১) ভাতা-১৬/৯৫/১৭৬ নম্বর ও প্রবিধি শাখা-২ থেকে জারিকৃত ২০-০৩-১৯৮৯ খ্রিঃ তারিখের অম(অবি)প্রবি-২/ছুটি-৬/৮৬-২৮ নম্বর অফিস স্মারকের মর্মানুযায়ী বাংলাদেশ জুডিসিয়াল সার্ভিসেস নিম্নবর্ণিত কর্মকর্তা গত ২৫/১১/২০১৪ খ্রি. তারিখ চাকরিতে যোগদান করায় এবং বর্তমানে ২য় বারের মতো শ্রান্তি ও বিনোদন ছুটি এবং ভাতা প্রাপ্যতা অর্জন করায় তাঁর অনুকূলে ৬ নং কলামে উল্লিখিত সময়ের জন্য শ্রান্তি ও বিনোদন ছুটি এবং ৭ নং কলামে উল্লিখিত মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ শ্রান্তি ও বিনোদন ভাতা হিসেবে মঞ্জুর করা হলো :

ক্রমিক	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল	আবেদনের তারিখ	প্রাপ্যতার তারিখ	পরবর্তী প্রাপ্যতার তারিখ	মঞ্জুরিকৃত ছুটি	মঞ্জুরিকৃত ভাতা
১.	জনাব সুমিত্রা আহমেদ জেলা লিগ্যাল এইড অফিসার ফেনী	০৮/০২/২০২৩	০৮/০১/২০২১	০৮/০২/২০২৬	০১/০৬/২০২৩ হতে ১৫/০৬/২০২৩ পর্যন্ত মোট ১৫ (পনেরো) দিন	জুন ২০২৩ মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ

২। উল্লিখিত কর্মকর্তার শ্রান্তি ও বিনোদন ভাতা তাঁর নিজ দপ্তরের সংশ্লিষ্ট খাত হতে বিকলনীয়।

৩। উল্লিখিত কর্মকর্তার অনুকূলে এ বিভাগের গত ১৭/০৪/২০২৩ তারিখের ১০.০০.০০০০.১২৫.০৮.০১০.২০.২৭৯ নং স্মারকমূলে গত ০১/০৫/২০২৩ তারিখ হতে ১৫/০৫/২০২৩ তারিখ পর্যন্ত মোট ১৫ (পনেরো) দিনের শ্রান্তি ও বিনোদন ছুটি এবং ০১(এক) মাসের মূল বেতনের সমপরিমাণ ভাতার সরকারি আদেশ এতদ্বারা বাতিল করা হলো।


(মোর্শেদ আল মামুন ভূঁইয়া)

সিনিয়র সহকারী সচিব।

ফোন : ৫৫১০০৪১২


চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়
কক্ষ নং-৫০৩, ৫ম তলা, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

নম্বর : ১০.০০.০০০০.১২৫.০৮.০১০.২০.৩৭৭/১(১০)

তারিখ : ১০ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
২৪ মে ২০২৩ খ্রিষ্টাব্দ

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। রেজিস্ট্রার জেনারেল, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
- ২। জেলা ও দায়রা জজ, ফেনী।
- ৩। পরিচালক, জাতীয় আইনগত সহায়তা প্রদান সংস্থা, ১৪৫, বেইলী রোড, ঢাকা।
- ৪। সিনিয়র সহকারী সচিব, বাজেট, আইন ও বিচার বিভাগ।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইন ও বিচার বিভাগ।
- ৬। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ফেনী।
- ৭। জনাব সুমিত্রা আহমেদ, জেলা লিগ্যাল এইড অফিসার ফেনী।
- ৮। প্রোগ্রামার, আইন ও বিচার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৯। গার্ড ফাইল।
- ১০। অফিস কপি।


(মোর্শেদ আল মামুন ভূঁইয়া)

সিনিয়র সহকারী সচিব।